# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৭২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৭৩]

পর্ব-১৬: গ্রহণ (সূর্য/চন্দ্র) (كتاب الكسوف)

পরিচ্ছেদঃ ১১: ‘আয়িশাহ্ (রাঃ) থেকে আর এক প্রকার বর্ণনা

باب نَوْعٌ آخَرُ مِنْهُ عَنْ عَائِشَةَ،

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، عَنِ ابْنِ وَهْبٍ، عَنْ يُونُسَ، عَنِ ابْنِ شِهَابٍ، قال: أَخْبَرَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ: خَسَفَتِ الشَّمْسُ فِي حَيَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَامَ فَكَبَّرَ وَصَفَّ النَّاسُ وَرَاءَهُ، فَاقْتَرَأَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قِرَاءَةً طَوِيلَةً، ثُمَّ كَبَّرَ فَرَكَعَ رُكُوعًا طَوِيلًا، ثُمَّ رَفَعَ رَأْسَهُ، فَقَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ، ثُمَّ قَامَ فَاقْتَرَأَ قِرَاءَةً طَوِيلَةً هِيَ أَدْنَى مِنَ الْقِرَاءَةِ الْأُولَى، ثُمَّ كَبَّرَ فَرَكَعَ رُكُوعًا طَوِيلًا هُوَ أَدْنَى مِنَ الرُّكُوعِ الْأَوَّلِ، ثُمَّ قَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ، ثُمَّ سَجَدَ، ثُمَّ فَعَلَ فِي الرَّكْعَةِ الْأُخْرَى مِثْلَ ذَلِكَ، فَاسْتَكْمَلَ أَرْبَعَ رَكَعَاتٍ وَأَرْبَعَ سَجَدَاتٍ وَانْجَلَتِ الشَّمْسُ قَبْلَ أَنْ يَنْصَرِفَ، ثُمَّ قَامَ فَخَطَبَ النَّاسَ فَأَثْنَى عَلَى اللَّهِ عَزَّ وَجَلَّ بِمَا هُوَ أَهْلُهُ، ثُمَّ قَالَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ تَعَالَى لَا يَخْسِفَانِ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ، فَإِذَا رَأَيْتُمُوهُمَا فَصَلُّوا حَتَّى يُفْرَجَ عَنْكُمْ . (حديث موقوف) (حديث مرفوع) وَقَالَ رَسُولُ اللَّه صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: رَأَيْتُ فِي مَقَامِي هَذَا كُلَّ شَيْءٍ وُعِدْتُمْ، لَقَدْ رَأَيْتُمُونِي أَرَدْتُ أَنْ آخُذَ قِطْفًا مِنَ الْجَنَّةِ حِينَ رَأَيْتُمُونِي جَعَلْتُ أَتَقَدَّمُ، وَلَقَدْ رَأَيْتُ جَهَنَّمَ يَحْطِمُ بَعْضُهَا بَعْضًا حِينَ رَأَيْتُمُونِي تَأَخَّرْتُ، وَرَأَيْتُ فِيهَا ابْنَ لُحَيٍّ وَهُوَ الَّذِي سَيَّبَ السَّوَائِبَ .

تخريج دارالدعوه: صحيح البخارى/الكسوف ۴ (۱۰۴۶)، ۵ (۱۰۴۷)، ۱۳ (۱۰۵۸)، العمل فى ال صلاة ۱۱ (۱۲۱۲)، بدء الخلق ۴ (۳۲۰۳)، صحيح مسلم/الكسوف ۱ (۹۰۱)، سنن ابى داود/الصلاة ۲۶۲ (۱۱۸۰) مختصراً، سنن ابن ماجہ/الإقامة ۱۵۲

(١٢٦٣)، (تحفة الأشراف: ١٦٦٩٢) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1473 ـ صحيح

বাংলা

১৪৭২. মুহাম্মাদ ইবনু সালামাহ্ (রহ.) ..... ‘আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার রসূলুল্লাহ (সা.) -এর জীবদ্দশায় সূর্যগ্রহণ লেগে গেল। তখন তিনি সালাতে দাঁড়িয়ে গেলেন এবং তাকবীর বললেন, মুসল্লীরাও তাঁর পিছনে কাতারবন্দী হয়ে দাঁড়িয়ে গেল। আল্লাহর রসূল (সা.) লম্বা করে কিরা’আত পড়লেন। তারপর তাকবীর বললেন ও দীর্ঘ রুকূ করলেন। তারপর মাথা উঠালেন ও বললেন, “সামি আল্লহু লিমান হামিদাহ, রব্বানা-ওয়ালাকাল হামদ” তারপর দাঁড়ালেন ও লম্বা কিরা’আত পড়লেন, যা পূর্ববর্তী কিরা’আত থেকে সংক্ষিপ্ত ছিল, তারপর তাকবীর বললেন ও লম্বা রুকূ করলেন, যা পূর্ববর্তী রুকূ থেকে সংক্ষিপ্ত ছিল, পরে বললেন, “সামি আল্ল-হু লিমান হামিদাহ, রব্বানা- ওয়ালাকাল হামদ” তারপর সাজদাহ করলেন। পরে দ্বিতীয় রাক্'আতেও অনুরূপই করলেন। এভাবে তিনি চার রুকূ এবং চার সাজদাহ পূর্ণ করলেন, আর তার সালাত শেষ করে প্রত্যাবর্তনের পূর্বে সূর্যও আলোকিত হয়ে গেল। পরে তিনি দাঁড়ালেন ও লোকেদের সামনে খুৎবা দিলেন এবং আল্লাহ তা'আলার যথোপযুক্ত প্রশংসা করে বললেন, সূর্য এবং চন্দ্র আল্লাহর নিদর্শনসমূহের দু’টি নিদর্শন। তাদের গ্রহণ কারও জন্ম-মৃত্যুর কারণে হয় না। অতএব, তোমরা যখন তাদের গ্রহণ দেখবে, তখন তোমরা সালাত আদায় করতে থাকবে যতক্ষণ না তোমরা ভীতিমুক্ত হও। আর আল্লাহর রসূল (সা.) বললেন, আমি আমার এ দাঁড়ানো অবস্থায় থেকে তোমাদের জন্যে ওয়াদাকৃত সমুদয় বস্তু দেখতে পেয়েছি। তোমরা আমাকে দেখেছো যে, যখন আমি অগ্রসর হচ্ছিলাম তখন আমি জান্নাতের একটি আঙ্গুরের থোকা ধরার ইচ্ছা করেছিলাম, যখন তোমরা আমাকে পিছু হটতে দেখলে, তখন আমি জাহান্নামকে দেখলাম যে, তার কিয়দংশ কিয়দংশকে খেয়ে ফেলেছে। আর আমি তাতে ইবনু লুহাইকেও দেখেছি যে, চতুষ্পদ জন্তুকে ছেড়ে দেয়ার প্রথা চালু করেছিল।

## English

Another version narrated from Aishah

It was narrated from Ibn Shihab rom 'Urwah bin Az-Zubair, that Aishah said: The sun was eclipsed during the lifetime of the Messenger of Allah (ﷺ). He stood and said the takbir, and the people formed rows behind him. The Messenger of Allah (ﷺ) recited for a long time, then he said the takbir and bowed for a long time, then he raised his head and said: Sami Allahu liman hamidah, Rabbana wa lakal-hamd. Then he stood and recited for a long time, but it was a shorter recitation than the first recitation, then he said the takbir and bowed but it was shorter than the first bowing. Then he said:

Sami Allahu liman hamidah, then he prostrated. In this manner, he bowed four times, and the eclipse ended before he had finished. Then he stood and addressed the people. He praised and glorified Allah (SWT), the Mighty and Sublime, as He deserves, then he said: The sun and moon are two of the signs of Allah (SWT), Most High. They do not become eclipsed for the death or birth of anyone. If you see that (eclipsed) then pray until it ends. And the Messenger of Allah (ﷺ) said: While I was standing just now I saw everything you have been promised. When you saw me moving forward, I wanted to take a cluster of fruit from Paradise. And I saw Hell; parts of it were consuming other parts when you saw me step backward. And I saw therein Ibn Luhayy, who was the first one to establish the Sa'ibah.'

## ফুটনোট

সহীহ: বুখারী ১০৪৬, ১২১২; মুসলিম ৯০১, ইবনু মাজাহ ১২৬৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89968

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন